

আজ রবিবার ২২ অক্টোবর ২০১৭ইং তারিখে “হ্যান্ড অন ট্রেনিং জি. আই. এন্ডোসকপি” শীর্ষক ৭ম ব্যাচের প্রশিক্ষণার্থীদের মাঝে প্রধান অতিথি হিসেবে সনদ বিতরণ করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সি ব্লকের সার্জারি বিভাগের ক্লাসরুমে ইউনিভার্সিটি সেন্টার ফর এন্ডো-ল্যাপারোস্কপিক সার্জারি-এর উদ্যোগে আয়োজিত এ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, সার্জারি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ জুলফিকার রহমান খান, সেন্ট্রাল হাসপিটাল, ঢাকা-এর চেয়ারম্যান অধ্যাপক মতিউর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউনিভার্সিটি সেন্টার ফর এন্ডো-ল্যাপারোস্কপিক সার্জারি-এর প্রধান অধ্যাপক ডা. এ এইচ এম তৌহিদুল আলম।

